



যমুনায় এখনই উঠছেন না প্রধানমন্ত্রী তারেক রহমান



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনা—এ এখনই বসবাস শুরু করছেন না প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার (১৯ মার্চ) সাংবাদিকদের বিষয়টি নিশ্চিত করেন প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেসসচিব আতিকুর রহমান রুমন।

তিনি জানান, আপাতত যমুনায় না উঠে প্রধানমন্ত্রী বর্তমান বাসভবনেই থাকতে স্বাচ্ছন্দ্যবোধ করছেন।

দীর্ঘ ১৭ বছরের প্রবাসজীবন শেষে গত বছরের ২৫ ডিসেম্বর লন্ডন থেকে ঢাকায় ফেরেন তারেক রহমান। দেশে ফিরে তিনি সপরিবারে গুলশান এলাকার ১৯৬ নম্বর বাড়িতে বসবাস শুরু করেন এবং বর্তমানে সেখানেই অবস্থান করছেন। পাশের 'ফিরোজা' বাড়িটিতে থাকতেন তার মা, খালেদা জিয়া, যিনি বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)—র চেয়ারপারসন। ১৯৬ নম্বর বাড়িটি বরাদ্দ দেওয়া হয়েছিল সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান নিহত হওয়ার পর তার সহধর্মিণী খালেদা জিয়াকে। সে সময় তৎকালীন রাষ্ট্রপতি বিচারপতি আবদুস সাত্তার—এর মন্ত্রিসভা এ সিদ্ধান্ত নেয়।

গত বছর বাড়িটির মালিকানা সংক্রান্ত দলিল আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেন গণপূর্ত উপদেষ্টা আদিলুর রহমান খান এবং রাজউক এর চেয়ারম্যান রিয়াজুল ইসলাম রিজু।

এদিকে, ১২ ফেব্রুয়ারির সংসদ নির্বাচনের পর গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় জানায়, সংস্কারকাজ শেষ হলে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনাকেই প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন হিসেবে ব্যবহার করা হবে। সে লক্ষ্যেই ভবনটির প্রস্তুতিমূলক কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।